দৈনিক সংবাদ

তারিখ ... JUL 12 1999
পৃঃ ১ কলাম ৫

47

# বুয়েটে পরীক্ষা অনুষ্ঠানে অনিশ্চয়তা

(বুয়েট সংবাদদাতা)

বাংলাদেশ প্রকৌশল বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন অনুষদের বিভিন্ন লেভেলের আগামী ২০শে জুলাই অনুষ্ঠিতব্য টার্ম ফাইনাল পরীক্ষায় অনিশ্চয়তা দেখা দিয়েছে।

সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ তদন্ত কমিটি বাতিল এবং বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের দাবিতে আজ সোমবার তাদের কর্মসূচি ঘোষণা করবে।

সর্বদলীয় ছাত্রঐক্যের নেতা এবং ছাত্রলীগ বুয়েট শাখার সভাপতি তাপস কুমার দত্ত জানান, সর্বদলীয় ছাত্রঐক্যের নেতৃবৃন্দ গত দু'দিন ধরে বুয়েটের ৮টি হলে গিয়ে সাধারণ ছাত্রছাত্রীদের মতামত গ্রহণ করেছেন। তিনি আরও জানান, বিভিন্ন লেভেলের ছাত্ররা আগামী ২০শে জুলাই

বুয়েট ঃ পৃঃ ১১ কঃ ৪

## বুয়েট ঃ অনিশ্চয়তা

( ১ম পৃষ্ঠার পর )

অনুষ্ঠিতব্য টার্ম ফাইনাল পরীক্ষার আগে আন্দোলনে নামার জন্য মতামত দেন। তবে '৯২ ব্যাচের ছাত্ররা এবং অন্যান্য ব্যাচের কিছু ছাত্র বর্তমান টার্মের ফাইনাল পরীক্ষা শেষ হওয়ার পর আন্দোলনে যাওয়ার জন্য মতামত দিয়েছে।

সর্বদলীয় ছাত্রঐক্যের একাধিক নেতা জানান, বিচার বিভাগীয় তদন্ত কমিটি গঠনের দাবিতে ইউকসুর নেতৃবৃন্দসহ বিভিন্ন হল সংসদের নেতৃবৃন্দের সংসদ পদ থেকে পদত্যাগের সম্ভাবনা রয়েছে। এমনকি নেতারা আমরণ অনশনে যাওয়ারও প্রস্তুতি নিচ্ছেন।

বুয়েটে ভাঙচুরের ঘটনার পরিপ্রেক্ষিতে কর্তৃপক্ষ যে সকল ছাত্রকে শাস্তি দিয়েছে, তাদের মধ্যে প্রায় ১৭ জন একাডেমিক কাউন্সিলে শাস্তির পরিমাণ পুনর্বিবেচনা করার জন্য আবেদন করলে কর্তৃপক্ষ তা নাকচ করে দিয়েছেন। তাদের মধ্যে ৪ জন আগামী কয়েকদিনের মধ্যে বুয়েটের চ্যান্সেলরের কাছে আপিল করবেন বলে জানা গেছে। যদি চ্যান্সেলরের কাছ থেকে ইতিবাচক কোন সাড়া না পাওয়া যায়, তবে তারা পরবর্তীতে কর্তৃপক্ষের সিদ্ধান্তের বিরুদ্ধে আদালতের শরণাপন্ন হবেন।

এদিকে, '৯২ ব্যাচের শেষ বর্ষের ছাত্ররা নির্দিষ্ট সময়ে পরীক্ষা দেয়ার জন্য প্রস্তুতি নিচ্ছে বলে জানা গেছে।